

তারিখ: 21/12/2016

আর বি আই পাঁচটি অনুমোদিত লেনদেনকারী ব্যাংকের উপর আর্থিক জরিমানা আরোপ করল

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট 1999 (FEMA) –এর অধীনে তথ্য প্রদানের প্রয়োজন সংক্রান্ত ভারতীয় রিজার্ভ ব্যাংকের নির্দেশ লঙ্ঘন করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক নিম্নলিখিত পাঁচটি ব্যাংকের উপর আর্থিক জরিমানা আরোপ করল। আর্থিক জরিমানার পরিমাণ নিম্নরূপ:

ক্র. নং.	ব্যাংকের নাম	আর্থিক জরিমানার পরিমাণ (₹)
1.	ব্যাংক অফ আমেরিকা	10,000
2.	ব্যাংক অফ টোকিও মিতসুবিশি	10,000
3.	ডয়েশ ব্যাংক	20,000
4.	দি রয়েল ব্যাংক অফ স্কটল্যান্ড	10,000
5.	স্ট্যাভার্ড চার্টার্ড ব্যাংক	10,000

সময়ে সময়ে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা জারি করা নির্দেশবিধি/বিশেষ নিয়ন্ত্রণ বিধি /নির্দেশিকা লঙ্ঘনের বিষয় নজরে রেখে রিজার্ভ ব্যাংক FEMA 1999-এর ধারা 11(3) –এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতা প্রয়োগ করে এই আর্থিক জরিমানা আরোপ করেছে।

রিজার্ভ ব্যাংক এই ব্যাংকগুলিকে একটি কারণ দর্শানোর সূচনা জারি করেছিল, যার উত্তরে ব্যাংকগুলি তাদের লিখিত উত্তর জমা করে এবং মৌখিক নিবেদনও পেশ করে। বিষয়টির তথ্য এবং এই সম্পর্কে ব্যাংকের জমা করা জবাবের বিবেচনা করার পর রিজার্ভ ব্যাংক এই নিষ্পত্তি করেছে যে লঙ্ঘনের বিষয়টি প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথার্থ।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনী : 2016-2017/1604